সমকাল

তারিখ ... 30 JAN 2017 ...
পৃষ্ঠা ... ২৯ ... কলাম ... ২ ...

# বেসরকারি শিক্ষকদের ইনক্রিমেন্ট মার্চের মধ্যে দেওয়ার দাবি

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বহু প্রত্যাশিত ৫ শতাংশ ইনক্রিমেন্ট ও প্রধানমন্ত্রী ঘোষিত বৈশাখী ভাতা আগামী মার্চ মাসের এমপিওর সঙ্গে দেওয়া না হলে শিক্ষা ভবন ঘেরাও করা হবে বলে জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় নেতারা। এ ছাড়া অবিলম্বে তাদের চাকরি জাতীয়করণ করা না হলে আরও কঠিন কর্মসূচি দেওয়া হবে বলেও জানিয়েছেন তারা।

গতকাল রোববার রাজধানীর মিরপুরে আলহাজ মধু বেপারী উচ্চ বিদ্যালয়ে বাংলাদেশ শিক্ষক সমিতি ও শিক্ষক-কর্মচারী সংগ্রামী ঐক্যজোটের নির্বাহী কমিটির এক জরুরি সর্ভায় এসব সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় শিক্ষক নেতারা বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সঙ্গে বর্তমান সরকার বিমাতাসুলভ আচরণ করছে। শিক্ষা ভবনের কয়েক কর্মকর্তার অপতৎপরতার কারণে শিক্ষক-কর্মচারীরা তাদের ন্যায্য দাবি থেকে বঞ্চিত হচ্ছেন। ২০১৫ সালে অষ্টম জাতীয় পে-স্কেল বাস্তবায়ন হলেও বেসরকারি শিক্ষক-কর্মচারীরা এখনও ৫ শতাংশ ইনক্রিমেন্ট এবং বৈশাখী ভাতা থেকে বঞ্চিত আছেন। তাই শিক্ষকদের মধ্যে বঞ্চনার ক্ষোভ তৈরি হচ্ছে। শিক্ষক নেতারা বলেন, শিক্ষা ক্ষেত্রে সরকারের অর্জনকে ম্লান করতে পাঠ্যপুস্তক নিয়ে ষড়যন্ত্র হচ্ছে। প্রাথমিক ও মাধ্যমিকের বইয়ে যারা ভুল করেছে তারা আগামী দিনের প্রজন্মকে ধোঁকা দিয়েছে। সুষ্ঠু তদন্ত সাপেক্ষে পাঠ্যপুস্তক নিয়ে ষড়যন্ত্রকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন তারা।

বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি মো. নজরুল ইসলাম রনির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সমিতির সিনিয়র সহসভাপতি মীর আব্দুল মালেক, মহাসচিব মো. রিয়াজ উদ্দিন, সহসভাপতি আমিনুল ইসলাম, সিনিয়র যুগ্ম মহাসচিব রফিকুল ইসলাম, প্রেসিডিয়াম সদস্য আব্দুল হালিম, দেলোয়ার হোসেন, অর্থ সচিব আবুল বাশার বাদশা, কলেজ শিক্ষক সমিতির সভাপতি মঞ্জুরুল আমিন শেখর ও মহাসচিব বদরুজ্জামান বাদল, শিক্ষক সমিতির ঢাকা মহানগর (দক্ষিণ) সভাপতি মিজানুর রহমান, ঢাকা মহানগর (উত্তর) সভাপতি গোলাম মোস্তফা, দপ্তর সম্পাদক ফরিদ মিয়া, সমিতির সহসভাপতি শাখাওয়াত হোসেন ও প্রেসিডিয়াম সদস্য মহসিন উদ্দিন, ছবরুল হক ও আনোয়ার হোসেন। সংবাদ বিজ্ঞপ্তি।